যুগান্তর

তারিখ ০2 OCT 2016
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# বিএসএমএমইউতে নতুন ৬ বিভাগ ১ অনুষদ

যুগান্তর রিপোর্ট

আরও ৬টি নতুন বিভাগ ও ১টি অনুষদের অনুমোদন দিয়েছে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) সিন্ডিকেট। শনিবার বেলা ১১টায় বিএসএমএমইউর বি-ব্লকের নিচ তলায় ডা. মিল্টন হলে অনুষ্ঠিত ৬৩তম সিন্ডিকেট সভায় একাডেমিক কাউন্সিলের সুপারিশের ভিত্তিতে এ অনুমোদন দেয়া হয়।

বিভাগগুলো হল— রেস্পিরেটরি মেডিসিন, পেডিয়াট্রিক নিউরোলজি, প্যালিয়েটিভ কেয়ার মেডিসিন, প্যাডিয়াট্রিক কার্ডিওলজি, পেডোডনটিকস বিভাগ এবং মেডিসিন এডুকেশন অ্যান্ড বায়ো স্ট্যাটিসটিকস। এছাড়া অত্র বিশ্ববিদ্যালয়ের শিশু বিভাগগুলো নিয়ে চালু হচ্ছে শিশু অনুষদ।

সিন্ডিকেট সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান। এ সময় উপস্থিত ছিলেন— বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সদস্য ডা. মো. রুস্তম আলী ফরাজী, অতিরিক্ত সচিব বিমান কুমার সাহা এনডিসি, বাংলাদেশ মেডিকেল অ্যাসোসিয়েশনের (বিএমএ) সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসান, বিসিপিএসের সভাপতি অধ্যাপক ডা. মো. সানাওয়ার হোসেন, বিএমডিসির সভাপতি অধ্যাপক ডা. মোহাম্মদ সহিদুল্লাহ, অধ্যাপক কাজী শহীদুল আলম, অধ্যাপক মো. নজরুল ইসলামসহ বিশ্ববিদ্যালয়ের প্রোভিসিরা।

**প্রবীণদের অধিকার নিশ্চিত করতে হবে :** এদিকে আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে আয়োজিত এক বৈজ্ঞানিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে প্রবীণদের সব অধিকার নিশ্চিত করার আহ্বান জানিয়েছেন বিএসএমএমইউর ভিসি অধ্যাপক ডা. কামরুল হাসান খান। শনিবার সকালে বিশ্ববিদ্যালয়ের ডি-ব্লকের ১৭ তলায় ইন্টারনাল মেডিসিন বিভাগে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

ভিসি বলেন, দেশের মানুষের গড় আয়ু বেড়ে যাওয়ার কারণে প্রবীণদের সংখ্যা দিন দিন বাড়ছে। তাই প্রবীণদের সব ধরনের অধিকার নিশ্চিত করতে হবে।